# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-10-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী বা এস আই আর-এর প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী মঙ্গলবার নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল রাজ্যে আসছে।

২) শিশুদের মধ্যে যথাযথ মাত্রায় কফ সিরাপ ব্যবহারের বিষয়ে কেন্দ্র, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য নির্দেশিকা জারী করেছে।

৩) প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতার নগর দায়রা আদালতে বিশেষ আদালতে পঞ্চম তথা চূড়ান্ত চার্জশিট জমা দিয়েছে সিবিআই।

৪) সাম্প্রতিক অতি বৃষ্টির জেরে দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমান আরো বেড়েছে। নিম্নচাপের জেরে দক্ষিণবঙ্গে বৃষ্টি কমলেও উত্তরবঙ্গে আজ থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।

৫) জেলায় আজ পুজো কার্নিভাল অনুষ্ঠিত হতে চলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এসআই আর এর প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল পশ্চিমবঙ্গে আসছে। আগামী মঙ্গলবার ৭ই অক্টোবর, উপ-নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে দলটি রাজ্যে পৌঁছবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। দুদিনের রাজ্য সফরে ওই প্রতিনিধিদল সব জেলা শাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বৈঠক করবেন। পাশাপাশি কয়েকটি জেলা সফর করে সরেজমিনে ভোটার তালিকায় সংশোধনের যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখবেন তাঁরা। ৯ তারিখে প্রতিনিধি দলের দিল্লি ফিরে যাওয়ার কথা।

এই সফরের পরেই এরাজ্য সহ গোটা দেশে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর বিজ্ঞপ্তি জারি হতে পারে।

oooooooooooooooooooooo

বিজেপি-র দুই নির্বাচনী পর্যবেক্ষক, কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব এবং সাংসদ বিপ্লব দেব গতকাল সল্টলেকে এরাজ্যে বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলাপ-আলোচনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন, রাজ্য বিজেপি-র কর্তা-ব্যক্তিরা। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, এই সফর পূর্বপরিকল্পিতই ছিল। তবে, পুজোর জন্য তা পিছিয়ে দেওয়া হয়।

(বাইট – সুকান্ত)

ooooooooooooooooooooooo

শিশুদের মধ্যে যথাযথ মাত্রায় কফ সিরাপ ব্যবহারের বিষয়ে কেন্দ্র, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য নির্দেশিকা জারী করেছে। দু বছরের নীচে শিশুদের সর্দি কাশির ওষুধ প্রেসক্রাইব করা বা দেওয়া উচিত নয় বলেও পরামর্শ দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। ৫ বছরের নীচে শিশুদের ক্ষেত্রে সচরাচোর এ ধরনের ওষুধ না দেওয়া এবং তার ঊর্ধ্বে বাচ্চাদের ক্ষেত্রে ওষুধের মাত্রার ওপর কড়া নজর রাখার কথাও বলা

হয়েছে। নিবিড় তত্ত্বাবধান ও ক্লিনিকালি মূল্যায়ন করে ওষুধের যথাযথ ডোজ মেনে চলে এবং একাধিক ড্রাগের সংমিশ্রন এড়িয়ে চলতে বলেছে মন্ত্রক। ইতিমধ্যেই সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের স্বাস্থ্য পরিষেবা নির্দেশককে মন্ত্রকের পক্ষ থেকে চিঠি পাঠানো হয়েছে। সমস্ত সরকারী ও জেলা হাসপাতাল, চিকিৎসা প্রতিষ্ঠানে এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধও জানানো হয়েছে।

উল্লেখ্য, মধ্যপ্রদেশে সম্প্রতি একাধিক শিশু মৃত্যুর সঙ্গে কফ সিরাপ খাওয়ানোর বিষয়টি প্রকাশ্যে আসায় জাতীয় রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র, জাতীয় ভাইরোলজি প্রতিষ্ঠান এবং ওষুধের মান নিয়ন্ত্রক কেন্দ্রীয় সংগঠনের যৌথ দল ঘটনাস্থল পরিদর্শন করে। শিশুদের মধ্যে থেকে নমুনা সংগ্রহ করা ছাড়াও কফ সিরাপের নমুনাও পরীক্ষা করে দেখেন তাঁরা।

oooooooooooooooooooooo

টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ট্রাই, বেসরকারী রেডিও ব্রডকাস্টারদের জন্য একটি ডিজিটাল রেডিও ব্রডকাস্ট নীতি প্রকাশ করেছে। এর আওতায় কলকাতা সহ চারটি A-প্লাস শ্রেণীর শহর, দিল্লি, মুম্বাই ও চেন্নাই এবং ৯-টি A-শ্রেণীর শহরে ডিজিটাল রেডিও ব্রডকাস্টিং পরিষেবা শুরু করার জন্য নিয়মকানুন ও সংরক্ষিত মূল্য নির্ধারণের বিষয়ে সুপারিশ করা হয়েছে। নতুন সম্প্রচারকদের সিমুলকাস্ট মোডে বা একাধিক প্ল্যাটফর্ম বা চ্যানেলে একই সময়ে অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে ডিজিটাল রেডিও পরিষেবা শুরু করার পরামর্শ দিয়েছে ট্রাই। তারা বলেছে, ডিজিটাল রেডিও ব্রডকাস্টিং-এর স্বীকৃত মেয়াদকাল ১৫ বছর হওয়া উচিত। প্রসারভারতীকে তার জায়গা ও ট্রান্সমিশন টাওয়ার বেসরকারী ব্রডকাস্টারদের সঙ্গে ভাগ করে নিতে হবে।

উল্লেখ্য, তথ্য ও সম্প্রচার মন্ত্রক গত বছর বেসরকারী রেডিও ব্রডকাস্টারদের জন্য একটি ডিজিটাল রেডিও সম্প্রচার নীতি প্রণয়নের সুপারিশ করতে বলেছিল ট্রাইকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উৎসবের মরশুমে অনেকেই অনলাইন কেনাকাটা করে থাকেন। পণ্য পরিষেবা কর কাঠামোয় পরিবর্তনের ফলে এবার এই কেনাকাটা অনেক বেড়েছে। ই কমার্স সাইট গুলো এমনিতেই বিভিন্ন ছাড় দিয়ে থাকে তার ওপর gst ছাড়ে কেনাকাটা করতে সুবিধা হয়েছে বলে জানালেন ৩০ বছর বয়সী হিরন্ময় দাস।

(বাইট- জি এস টি)

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতার নগর দায়রা আদালতে বিশেষ আদালতে পঞ্চম তথা চূড়ান্ত চার্জশিট জমা দিয়েছে সিবিআই। চূড়ান্ত চার্জশিটে নাম রয়েছে শিক্ষা দপ্তরের একাধিক কর্মী আধিকারিক সহ প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি মানিক ভট্টাচার্য এবং পর্ষদের তৎকালীন সচিব রত্না চক্রবর্তী বাগচীর। ৭০ পাতার এই চার্জশিটে অভিযুক্তদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারায় অপরাধমূলক ষড়যন্ত্র, তথ্য প্রমান লোপাট, প্রতারণা, জালিয়াতি, ইলেকট্রনিক ডিভাইসের তথ্য জাল করা ও দুর্নীতি দমন আইনে অভিযোগ আনা হয়েছে। খুব শীঘ্রই এই মামলায় বিচারপর্ব শুরু হবে বলে আদালত সূত্রে জানা যাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সাম্প্রতিক অতি বৃষ্টির জেরে দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমান আরো বেড়েছে। এখন ৭৩ হাজার ৬৭৫ কিউসেক জল ছাড়া হচ্ছে।

নিম্ন দামোদর এলাকায় হলুদ সতর্কতা জারি রয়েছে।

এদিকে গতকাল রাত থেকে পূর্ব বর্ধমান জেলায় ফের বৃষ্টি হওয়ায় জেলার বিভিন্ন ছোট বড় নদ - নদীতেও জলস্তর কিছুটা বেড়েছে। ঝাড়খণ্ডের উচ্চ অববাহিকায়

প্রবল বৃষ্টির জেরে  দামোদর উপত্যকা নিগম ডিভিসি, রাজ্যকে না জানিয়ে মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে জল ছাড়া শুরু করেছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছে, ডিভিসি কর্তৃপক্ষ তা অস্বীকার করেছে। তারা জানিয়েছেন, রাজ্য সরকারের প্রতিনিধিদের উপস্থিতিতেই বাঁধ রক্ষায় জল ছাড়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিকে, ডিভিসির জল ছাড়া এবং উত্তরবঙ্গের জেলাগুলিতে প্রবল বৃষ্টির পূর্বাভাষ থাকায় রাজ্য সরকার জেলাগুলিকে সতর্ক করে দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ গতকাল  বিভিন্ন জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করে তাদের পর্যাপ্ত ত্রাণ মজুত রাখা ও বিপর্যয় মোকাবিলা বাহিনীকে প্রস্তুত রাখার জন্য নির্দেশ দিয়েছেন।

oooooooooooooooooooooo

বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপটি গতকালই শক্তি হারিয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে।  ক্রমশ এটি আরো উত্তর উত্তর পূর্বে ঝাড়খণ্ডের দিকে অগ্রসর হচ্ছে । আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের বৃষ্টির পরিমাণ কমলেও উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- হবিবুর)

আজ মুর্শিদাবাদ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্যদিকে , জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় লাল সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং কালিম্পং কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলায় রয়েছে কমলা সর্তকতা।

oooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলার সাম্প্রতিক বৃষ্টিতে ফুলের চাষ ভীষণভাবে ক্ষতির সম্মুখীন হয়েছে বলে ফুলচাষী ও ফুল ব্যবসায়ীরা দাবি করেছেন। পদ্ম ছাড়া দোপাটি-গাঁদা-অপরাজিতা-রজনীগন্ধা সহ বিভিন্ন ধরনের পাপড়িযুক্ত ঝুরো ফুলের মধ্যে

বৃষ্টির জল ঢুকে গিয়ে পাপড়ি পচে ফুলের গুণমান নষ্ট হচ্ছে। এর ফলে ওই ফুল বিক্রি হচ্ছে না বা তা বাইরের জেলা বা রাজ্যেও পাঠানো সম্ভবও হচ্ছে না। এমনকি লক্ষীপূজার সময় ব্যাপক পরিমাণ ফুলের চাহিদা মেটানোর জন্য ওই ধরনের ফুল হিমঘরেও রাখতে পারছে না চাষী-ব্যবসায়ীরা। সারা বাংলা ফুলচাষী ও ফুলব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক বলেন,দুর্গাপূজার দিনগুলিতে রাজ্যে পদ্মফুল ছাড়া সমস্ত ফুলেরই দাম ছিল বেশ চড়া। নতুন করে বৃষ্টির ফলে লক্ষীপূজায় ঝুরো ফুলের সংকট দেখা দেবে এবং দামও বাড়বে বলে তিনি জানান।

oooooooooooooooooooooo

একাদশীতে গতকাল গভীর রাত পর্যন্ত প্রতিমা নিরঞ্জনের পর আজও কিছু কিছু জায়গায় ঠাকুর ভাসান হবে। এদিকে, জেলাগুলিতে আজই অনুষ্ঠিত হতে চলেছে জেলা দুর্গা পুজো কার্নিভাল। দক্ষিণ ২৪ পরগনায় এবার চারটি লোকসভা এলাকায় আলাদা আলাদা কার্নিভালের আয়োজন করা হয়েছে। ডায়মন্ড হারবারের বাটানগর, যাদবপুরের বারুইপুর, জয়নগরের নিমপীঠ ও মথুরাপুরের কাশীনগরে কার্নিভাল হতে চলেছে। প্রতিটি জায়গাতেই ১৭ থেকে ২০-টি পুজো কমিটি অংশ নেবে।

অন্যদিকে,মুর্শিদাবাদের বহরমপুরে, YMA মাঠে আজ বিকেলের কার্নিভালে জেলার লোকশিল্প, স্থানীয় সংস্কৃতি এবং নাচগানের মাধ্যমে অনুষ্ঠিত হতে চলেছে পুজো কার্নিভাল।

এদিকে, কলকাতায় আগামীকাল পুজো কার্নিভাল উপলক্ষে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। এরপরই শহরের নামী ঠাকুরগুলির নিরঞ্জন পর্ব সম্পন্ন হবে। কলকাতা পুলিশের পক্ষ থেকে আগামীকাল রেডরোড সংলগ্ন একাধিক রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে কলকাতা পুলিশ।

oooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট,  প্রবল বর্ষণজনিত কারণে গত ২৩-শে সেপ্টেম্বর ১২ জনের মৃত্যুর ঘটনার প্রতিবাদে আগামীকাল রবিবার রেড রোডে দুর্গাপুজোর কার্নিভালের দিন ‘খোলা হাওয়া’ সংগঠনকে মিছিল এবং ডোরিনা ক্রসিং-এ সমাবেশের অনুমতি দিয়েছে।

বিচারপতি বিশ্বরূপ চৌধুরী গতকাল এই অনুমতি দিয়ে বলেছেন, ৫-ই অক্টোবর দুর্গাপুজোর কার্নিভাল থাকলেও ১২ জনের মৃত্যু অত্যন্ত দুঃখজনক। সে কারণেই এই অনুমতি দেওয়া হলো। তবে, তিনি জানিয়েছেন মিছিলে সর্বাধিক তিন হাজার জন উপস্থিত থাকতে পারবেন এবং মিছিলের রুট ঠিক করবে পুলিশ। বেলা ২-টো থেকে ৫-টার মধ্যে মিছিল সম্পন্ন করতে বলা হয়েছে বলে সংগঠনের পক্ষে জানানো হয়েছে।

উল্লেখ্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওই মিছিলে উপস্থিত থাকার কথা।

আগেই জানানো হয়েছে,  রবিবার ৫-ই অক্টোবর রেডরোডে পুজো কার্নিভালের দিন এই সমাবেশ ও মিছিলের জন্য সংগঠনের পক্ষ থেকে  ২৭-শে সেপ্টেম্বর  পুলিশের অনুমতি চেয়ে আবেদন করা হয়। সেই অনুমতি না মেলায় তারা হাইকোর্টের দ্বারস্থ হয়।

oooooooooooooooooooooo

কলকাতার শরৎবোস রোডে গতকাল বিসর্জনে যাওয়ার সময় ট্রলির চাকা পিষ্ট হয়ে এক মহিলার মৃত্যু হয়েছে। রেণুকা সরকার নামে বছর ৩৩-এর ওই মহিলা গড়িয়াহাট থানা এলাকার পুজোর ঠাকুর বিসর্জন দিতে যাচ্ছিলেন। সেসময়  ট্রলি থেকে পড়ে গেলে সেটির চাকায় পিশে যান তিনি।  পুলিশের প্রাথমিক অনুমান রেণুকার শাড়ি ট্রলির চাকায় জড়িয়ে গিয়েছিল।

এদিকে, পশ্চিম মেদিনীপুরে চন্দ্রকোণা থানার লোধাপাড়া দেবানন্দ আশ্রমের সিদ্ধি খেয়ে প্রায় ২৫ জন গ্রামবাসী অসুস্থ হয়ে পড়েছেন। খাদ্যে বিষক্রিয়ার ফলে শিশু থেকে বৃদ্ধ সকলের মধ্যেই বমি-মাথা যন্ত্রণা ও অচৈতন্য হওয়ার মতো উপসর্গ দেখা

দেয়। চন্দ্রকোণা গ্রামীণ হাসপাতাল সহ একাধিক স্বাস্থ্য কেন্দ্রে তাদের চিকিৎসা চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব মহাকাশ সপ্তাহ আজ শুরু হচ্ছে। চলবে এ মাসের ১০ তারিখ পর্যন্ত। মহাকাশ গবেষণা ও মানব কল্যাণে এর অবদান তুলে ধরতে ১৯৫৭ র এই দিনে প্রথম কৃত্রিম উপগ্রহ স্পুটনিক, মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছিল। মানব ইতিহাসের এই সাফল্যকে স্মরণ করতে ১৯৯৯ সালে রাষ্ট্রসংঘ এই দিন থেকে মহাকাশ সপ্তাহ পালনের সিদ্ধান্ত নেয়।

কলকাতার ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্স এই উপলক্ষে অক্টোবরের সাত থেকে দশ তারিখ পর্যন্ত তৃতীয় বর্ষ “বর্তমান ভারতের তরুণ জ্যোতির্বিজ্ঞানী"শীর্ষক কর্মশালার আয়োজন করেছে। সারা ভারত থেকে আসা তরুণ বিজ্ঞানীরা এতে অংশ নেবেন। কর্মশালা শেষে এ মাসের ৯ ও ১০ তারিখে পশ্চিম মেদিনীপুরের সীতাপুরে আকাশ পর্যবেক্ষণেও অংশ নেবেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব প্রাণী কল্যাণ দিবস।নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে দিনটি পালিত হচ্ছে। বিশ্ব প্রাণী কল্যাণ দিবসের এবারের মূল ভাবনা প্রাণী বাঁচাও, গ্রহ বাঁচাও।

উল্লেখ্য, ১৯২৫ সাল থেকে প্রাণীদের অধিকার রক্ষা ও কল্যাণের জন্য সচেতনতা বৃদ্ধি ও প্রাণী কল্যাণের লক্ষ্যে বিশ্বজুড়ে দিনটি পালিত হয়ে আসছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০